

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৪০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

بَابُ الدُّعَاءِ فِي التَّشَهُدِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: ﴿إِذَا فَرَغَ أَحَدُكُمْ مِنَ التَّشَهُدِ الْآخِرِ فَلْيَتَعَوَّذْ بِاللَّهِ مِنْ أَرْبَعٍ مِنْ عَذَابٍ جَهَنَّمَ وَمِنْ عَذَابِ الْقَبْرِ وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ وَمِنْ شَرِّ الْمَسِيحِ الدَّجَّالِ» . رَوَاهُ مُسلم

বাংলা

৯৪০-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সালাতের শেষে শেষ তাশাহুদ পড়ে অবসর হয়ে যেন আল্লাহর কাছে চারটি জিনিস হতে পানাহ চায়। (১) জাহান্নামের 'আযাব। (২) কবরের 'আযাব। (৩) জীবন ও মৃত্যুর ফিতনাহ্ (ফিতনা)। (৪) মাসীহুদ্ দাজ্জালের অনিষ্ট। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৫৮৮, আবূ দাউদ ৯৮৩, নাসায়ী ১৩১০, ইবনু মাজাহ্ ৯০৯, আহমাদ ৭২৩৭, দারেমী ১৩৮৩, সহীহ আল জামি' ৬৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا فَرَغَ أَحَدُكُمْ مِنَ التَّشَهُّدِ الْاخِرِ) যখন তোমাদের কেউ সালাতের শেষ (বৈঠকের) তাশাহুদ পাঠ হতে অবসর হবে।

এ হাদীস দ্বারা বুঝানো হয়েছে, আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা শেষ তাশাহহুদ পাঠ করার পরে। আল্লাহর কাছে চারটি জিনিস হতে আশ্রয় প্রার্থনা করা মনে সে যা চায় সে দু'আর পূর্বে।



(فَلْيَتَعَوَّذُ بِاللهِ) আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করা ওয়াজিব, এ সমস্ত দু'আর মাধ্যমে যেমনটি ইবনু হায়স ও তাউস-এর মতে, তবে জমহূররা নুদূব তথা ভালো, এর উপর মত দিয়েছেন।

(مِنْ أَرْبَعٍ) এ চারটি জিনিসের অতিরিক্তও দিয়ে আশ্রয় প্রার্থনা করা বৈধ যেমনটি ইতিপূর্বে 'আয়িশার হাদীস গেছে "পাপ কাজ" ও "ঋণ" হতে।

(مِنْ عَذَاب جَهَنَّم) জाशनामरक পূर्त्व जाना श्राहरू कातन ठा कर्ठिन ও চित्रञ्चारी।

(وَمِنْ شَرِّ الْمَسِيْحِ الدَّجَّالِ) "মাসীহ দাজ্জালের অনিষ্ট হতে" শেষে আনা হয়েছে এজন্যে যে, এটা শেষ যামানায় কিয়ামাতের (কিয়ামতের) নিকটবর্তী সময় সংঘটিত হবে। তার জন্য কল্যাণ-অকল্যাণ উভয়টি রয়েছে। কল্যাণ হলো মু'মিন ব্যক্তির ঈমান বৃদ্ধি পাবে কারণ সে পড়বে তার চোখের মাঝখানে কাফির লেখা আছে এবং তা পড়ে তার বিশ্বাস আরো বেশি দৃঢ় হবে। আর অকল্যাণ হলো কাফির পড়বে না এবং তাকে জানবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন